

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফ্যাক্স: ০২-৮৮৭৯১৯৯ ফোন: ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ১৩৬(৫০)২

তারিখ: ০৬/৮/১৭

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ২৭-০৭-২০১৭ তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে মাননীয় সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সভাপতিত্বে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আগামী ১৫-০৮-২০১৭ তারিখ (জাতীয় শোক দিবস) প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচীতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার স্থানীয় কর্মকর্তাগণকে উপস্থিত থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কার্যবিবরণীর সিদ্ধান্ত নং-৮, কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, আলোচ্য সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক (কার্যবিবরণীর সিদ্ধান্ত নং-৮) আগামী ১৫-০৮-২০১৭ তারিখ (জাতীয় শোক দিবস) প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচীতে তাঁকে ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল কর্মকর্তাগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বরাবর

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/
বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/
সিলেট জোন/গোপালগঞ্জ জোন/যাত্রিক উইং, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃ), সওজ,
- ৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ), সওজ,

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এন্ট্রিস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (আদেশটি সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হলো)।